# ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৬

## প্রতিযোগিতা নির্দেশিকা

## বিষয়ঃ ক্ষুদে রচনা

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। বিদ্যমান পুষ্টি খাতের প্রতিবন্ধকতা সমূহের টেকসই সমাধানের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে। INO ২০২৬ এর মূল প্রতিপাদ্য **"উন্নত পুষ্টির জন্য বেসরকারি খাতের ভূমিকাঃ** সকলের জন্য পুষ্টি নিশ্চিতকরণে ব্যবসা পরিবেশ উন্নয়ন এবং উদ্যোক্তাদের দায়িত্বশীলতা ও সক্ষমতা বৃদ্ধি"। এই লক্ষ্য অর্জনে INO ২০২৬ তরুণ, সরকার, বেসরকারি খাত, নীতিনির্ধারক এবং উন্নয়ন সহযোগী প্রতিনিধিদের একত্রিত করবে। নবম ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) আগামী ১১-১২ ডিসেম্বর, ২০২৬ তারিখে ঢাকা, বাংলাদেশে অনুষ্ঠিত হবে।

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে 'ক্ষুদে রচনা প্রতিযোগিতা'সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। শিশু, কিশোর- কিশোরী, তরুণ-তরুণী এবং প্রাপ্তবয়স্কদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ০৬ থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ 'ক্ষুদে রচনা প্রতিযোগিতায়' অংশগ্রহণ করতে পারবে। 'ক্ষুদে রচনা প্রতিযোগিতায়' অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হলঃ

**ক্ষুদে রচনা প্রতিযোগিতা**

ক্ষুদে রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা প্রদত্ত বিষয়ের উপর একটি রচনা লিখবে।

**বয়স গ্রুপঃ**

| গ্রুপ ক | গ্রুপ খ | গ্রুপ গ |
|---|---|---|
| ৬-১০ | ১১-১৮ | ১৯-২৪ |

**প্রতিপাদ্য বিষয়: প্রাথমিক বাছাই পর্ব** (পরবর্তী রাউন্ডের বিষয় প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণদের জানানো হবে)।
**গ্রুপ কঃ** আমার প্রিয় স্বাস্থ্যকর খাবারের দোকান: পুষ্টিকে সহজ ও আনন্দময় করা

**গ্রুপ খঃ** উন্নত স্থানীয় খাদ্য বিকল্পের মাধ্যমে জাঙ্ক ফুড নির্ভরতা হ্রাস

**গ্রুপ গঃ** অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের জন্য পুষ্টি-সংবেদনশীল ব্যবসায়িক মডেল তৈরি

**যোগ্যতাঃ**

- অংশগ্রহণকারীদের অবশ্যই INO ২০২৬ ওয়েবসাইট (www.nutritionolympiad.net) থেকে রেজিস্ট্রেশন ফর্মটি পূরণ করতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় 'ক্ষুদে রচনা কম্পিটিশন' নির্বাচন করতে হবে।
- নির্দিষ্ট বয়সসীমার মধ্যে যে কেউ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- এই প্রতিযোগিতায় শুধুমাত্র একক প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবেন।
- অংশগ্রহণকারী (বা অভিভাবক) অথবা প্রতিষ্ঠানের নুন্যতম তথ্য প্রযুক্তি সুবিধা থাকতে হবে (ফোন, ই-মেইল বা হোয়াটসঅ্যাপ এবং জুম অ্যাকাউন্ট [বাধ্যতামূলক নয়])।

**রেজিস্ট্রেশনঃ**

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৬ -এর নির্দিষ্ট ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে। INO ২০২৬ ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) দেওয়া রেজিস্ট্রেশন লিঙ্কে ক্লিক করে ‘ক্ষুদে রচনা কম্পিটিশন’ নির্বাচন করুন।

**রেজিস্ট্রেশনের শেষ তারিখ:** মাস তারিখ, বছর (ঢাকা সময় রাত ১১টা)

**জমা দেওয়ার শেষ তারিখ:** মাস তারিখ, বছর (ঢাকা সময় রাত ১১টা)

**ক্ষুদে রচনা প্রতিযোগিতা নির্দেশিকা**

1. **অংশগ্রহণকারীর তথ্য:**

নাম, বয়স, পদবি, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগের নম্বর এবং ইমেইল

2. **ক্ষুদে রচনার কাঠামো:**

শব্দসীমা: ৫০০ শব্দ (প্রচ্ছদ পৃষ্ঠা, সূচিপত্র, তথ্যসূত্র, সারণি, চার্ট এবং গ্রাফ বাদে)।

3. **ফরম্যাটিং:**

   ফন্ট: Gill Sans MT (English) অথবা কালপুরুষ (বাংলা), ফন্ট সাইজ: ১২, কোনো বিশেষ ফরম্যাটিং ছাড়া সাধারণ লেখা। সাইজের কাগজের মাপ: A4।

4. **ভাষা:** বাংলা অথবা ইংরেজি।
5. **জমা ও বাছাই প্রক্রিয়া:**
   - অংশগ্রহণকারীরা গুগল ফর্ম/ইমেইলের মাধ্যমে মিনি প্রবন্ধটি (পিডিএফ) অথবা হাতে লেখা ফরম্যাটে জমা দেবেন [(ইমেইলের সাবজেক্টে নাম, বয়স, প্রতিষ্ঠানের নাম উল্লেখ করে 'Mini Essay' লিখতে হবে]।
   - হাতে লেখার ক্ষেত্রে, হাতের লেখা অবশ্যই স্পষ্ট হতে হবে।
   - হাতে লেখা প্রবন্ধটির একটি স্পষ্ট ছবি তুলে JPG ফরম্যাটে পাঠাতে হবে।
   - সমাপনী অনুষ্ঠানে প্রতিটি বয়স বিভাগ থেকে সেরা ৩টি ক্ষুদে রচনা কে বিজয়ী হিসেবে ঘোষণা করা হবে।

**স্কোরঃ**

| **ক্রম** | **ধরণ** | **নাম্বার** |
|---|---|---|
| ০১ | প্রাসঙ্গিকতা | ২০ |
| ০২ | ভূমিকা এবং উপসংহার | ২০ |
| ০৩ | সঠিক বানান ও ব্যাকরণ | 25 |
| ০৪ | নিয়ম এবং কাঠামো অনুসরণ করে | 20 |
| ০৫ | তথ্য এবং রেফারেন্স | 15 |
| **মোট** | | **100** |

**যোগাযোগঃ**

'ক্ষুদে রচনা প্রতিযোগিতা' সম্পর্কে আপনার যে কোন প্রশ্ন বা তথ্যের জন্য যোগাযোগ করুনঃ + 88028714169, +8801782510089 অথবা ই-মেইল: ino@biid.org.bd

**বিশেষ দ্রষ্টব্যঃ**

1. যেকোনো ধরনের অসদুপায় অবলম্বনের প্রচেষ্টা অযোগ্য বলে বিবেচিত হবে।
2. বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
3. প্রতিটি বয়স বিভাগ থেকে শীর্ষ ৩ জন বিজয়ীর নাম INO ২০২৬-এর সমাপনী অনুষ্ঠানে ঘোষণা করা হবে।
4. পাদটীকা ব্যবহার বাধ্যতামূলক এবং তথ্যের উৎস অবশ্যই উল্লেখ করতে হবে।
5. নির্বাচিত প্রবন্ধগুলো INO নিউট্রিশন ক্লাব এবং BIID ফাউন্ডেশন-এর ওয়েবসাইটে আপলোড করা যাবে।

**একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩টি (তিন) প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।**